

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২৫, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৭ই জ্যৈষ্ঠ ১৪০৫/২১শে মে ১৯৯৮

এস, আই, ও নং ৮৫-আইন/৯৮-পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২১ নং আইন) এর ধারা ১৬ এ প্রদত্ত কনভাল্শনে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৭ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমানার তফসিল ৮ এর ক্রমিক নং ৮'১ এর দফা (ক) ও (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফাসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) আয়দানীকৃত দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্যস্রবের নমুনার তেজস্ক্রিয়তা পরীক্ষার জন্য নিম্নবর্ণিতরূপে সি এও এক নুলাভিত্তিক ফি প্রদেয় হইবে, যথা:—

ক্রমিক নং	আয়দানীকৃত স্রবের সি এও এক নুলা	ধার্যকৃত ফী
০১	ট=১০,০০,০০০ পর্যন্ত	সি এও এক নুলোর ০.৫% হারে তবে ৫০০ টাকার কম হইবে না।
০২	ট=১০,০০,০০১ হইতে ট=১,০০,০০,০০০ পর্যন্ত	৫,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকার উর্ধ্বে সি এও এক নুলোর উপর ০.২৫% হারে।
০৩	ট=১,০০,০০,০০১ হইতে ট=২,৫০,০০,০০০ পর্যন্ত	২৭,৫০০ টাকা এবং ১,০০,০০,০০০ টাকার উর্ধ্বে সি এও এক নুলোর উপর ০.১৫% হারে।

(৬২৩৭)

স্থান: টাকা ১.০০

ক্রমিক নং	আমদানীকৃত দ্রব্যের সি এণ্ড এক মূল্য	ধার্যকৃত ফী
০৪	ট=২,৫০,০০,০০০ হইতে ট=৫,০০,০০,০০০ পর্বন্ত	৫০,০০০ টাকা এবং ২,৫০,০০,০০০ টাকার উর্ধ্বে সি এণ্ড এক মূল্যের উপর ০.১% হারে।
০৫	ট=৫,০০,০০,০০০ হইতে ট=১০,০০,০০,০০০ পর্বন্ত	৭৫,০০০ টাকা এবং ৫,০০,০০,০০০ টাকার উর্ধ্বে সি এণ্ড এক মূল্যের উপর ০.০৫% হারে।
০৬	ট=১০,০০,০০,০০০ এর উর্ধ্বে	১,০০,০০০ টাকা এবং ১০,০০,০০,০০০ টাকার উর্ধ্বে সি এণ্ড এক মূল্যের উপর ০.০১% হারে।

(কক) দফা (ক) এ বর্ণিত খাদ্যদ্রব্য ব্যতীত অন্যান্য খাদ্যদ্রব্যের নমুনার তেজস্ক্রিয়তা পরীক্ষার জন্য উক্ত দফায় উল্লিখিত ফি এর শতকরা পঞ্চাশ ভাগ ফি প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ ফি এর পরিমাণ কোনক্রমেই ৫০০ টাকার কম হইবে না।

(খ) আমদানীকৃত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তা পরীক্ষার জন্য নিম্নবর্ণিত পদ্ধতিতে খাদ্যদ্রব্যের নমুনা সংগ্রহ করিতে হইবে, যথা:—

(১) দফা (ক) এ উল্লিখিত খাদ্যদ্রব্য আধার (Container) এ আমদানী করা হইলে প্রতিটি আধার হইতে অন্যান্য একটি এবং জাহাজের খোল বা ফোকরে বস্তাবন্দী আকারে আমদানী করা হইলে প্রতি একশত বস্তার মধ্য হইতে একটি করিয়া নমুনা সংগ্রহ করিতে হইবে; এবং

“(২) দফা (কক) তে উল্লিখিত খাদ্যদ্রব্যের ক্ষেত্রে,—

(অ) আধার (Container) এ আমদানী করা হইলে, প্রতি পাঁচটি আধার বা উহার অংশ বিশেষের জন্য অন্যান্য একটি;

(আ) বস্তাবন্দী আকারে আমদানী করা হইলে প্রতি দশ হাজার বস্তা বা উহার অংশ বিশেষের জন্য অন্যান্য একটি; এবং

(ই) জাহাজের খোল বা ফোকরে খোলা অবস্থায় আমদানী করা হইলে প্রতিটি খোল বা ফোকর হইতে অন্যান্য একটি,

নমুনা সংগ্রহ করিতে হইবে।”

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের আদেশক্রমে

ডঃ এম. সিরাজুল ইসলাম  
চেয়ারম্যান।

এ.হাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত  
বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।